

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৮২-আইন/২০২০/৯১/কাস্টমস।-Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১২১-আইন/২০২০/৭২/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) শর্তাবলির-

- (ক) দফা (৬) এর “শিল্পভোক্তা” শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (খ) দফা (৭) এর “দফা (২) ও (৩)” শব্দগুলি, বন্ধনীগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “এবং দফা (৬)” শব্দগুলি, বন্ধনী ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;
- (গ) দফা (৮) এর “মুসক এলাকার ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনারগণের” শব্দগুলির পরিবর্তে “মুসক বিভাগীয় কর্মকর্তার” শব্দগুলি এবং “দফা (২) ও (৩)” শব্দগুলি, বন্ধনীগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “এবং দফা (৬)” শব্দগুলি, বন্ধনী ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) দফা (৮) এর প্রাস্তস্থিত দাঁড়ি (।) চিহ্ন বিলুপ্ত হইবে এবং উহার পরিবর্তে সেমিকোলন (;) চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (৯) ও (১০) সন্নিবেশিত হইবে, যথা:-
- “(৯) দফা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, দফা (৩), (৪) ও (৫) এর বিধানাবলি শুধু Industrial IRC holder VAT compliant শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(১০) দফা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকারি, আধা সরকারি, স্বায়ত্ব-শাসিত সংস্থা, জাতিসংঘ ভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধা প্রাপ্ত সংস্থা, সরকারের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান এবং এইরূপ প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণ বা VAT Compliant হিসেবে রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা নাই, এমন প্রতিষ্ঠান কর্তৃক বিক্রয় ও হস্তান্তরের জন্য নহে এইরূপ আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের জন্য দফা (১) ও (৬) এর বিধানাবলি প্রযোজ্য হইবে না।”; এবং

(২) পরিশিষ্ট এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট প্রতিস্থাপিত হইবে, যথা:-

**“পরিশিষ্ট
প্রত্যয়নপত্র
[শর্তাবলির দফা (৬) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে,
(আমদানিকারকের নাম ও ঠিকানা) আমদানি রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে হালনাগাদ নবায়নকৃত আইআরসি সম্বলিত একটি মুসক নিবন্ধিত উৎপাদনকারী/
আমদানিকারক প্রতিষ্ঠান।

উক্ত প্রতিষ্ঠান বিগত..... অর্থ-বৎসরে রেয়াতি হারে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ প্রতিষ্ঠানের মুসক সংক্রান্ত রেজিস্টারে এন্ট্রি করিয়াছে এবং বিগত অর্থ-বৎসরের মূল্য সংযোজন কর সংক্রান্ত ১২ (বার) টি অথবা প্রযোজ্যক্ষেত্রে টি রিটার্ন বা দাখিলপত্র সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট অনলাইনে/হার্ডকপি দাখিল করিয়াছে/করে নাই।

স্বাক্ষর :
(মুসক বিভাগীয় কর্মকর্তা)
(নামীয় সিলসহ)”

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।